সংবাদ

তারিখ 05 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

### ধর্মপাশায় গলহা উচ্চ বিদ্যালয়

# সেশন ফি না দিলে বই পাচ্ছে না শিক্ষার্থীরা

**প্রতিনিধি, ধর্মপাশা (সুনামগঞ্জ)**

বছরের প্রথম দিনই সব শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেওয়ার কথা থাকলেও ধর্মপাশা উপজেলার মধ্যনগর থানাধীন গলহা উচ্চ বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষার্থী এখনও নতুন বই পায়নি। শিক্ষার্থীরা নতুন বই নেওয়ার জন্য বিদ্যালয়ে আসলেও বিভিন্ন অজুহাতে তাদের ফিরিয়ে দেয়া হচ্ছে। তবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এমন অভিযোগ অস্বীকার করেছেন।

জানা গেছে, ওই বিদ্যালয়ে প্রায় তিন শতাধিক শিক্ষার্থী রয়েছে। ৬ষ্ঠ শ্রেণিতে নতুন শিক্ষার্থী ভর্তি কার্যক্রম চলছে। বছরের প্রথম দিন বিদ্যালয়ের ২/৩ জন শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়া হলেও বিদ্যালয়ের প্রধান শিক্ষক দাবি করেছেন গত রোববার পর্যন্ত প্রায় ৬০% শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়া হয়েছে।

রোববার বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী সাগর মণ্ডল, আলী মণ্ডল, অষ্টম শ্রেণির শিক্ষার্থী তৌফিক মণ্ডল, ঝুমুর রায়সহ আরও অনেক শিক্ষার্থীই বিদ্যালয়ে বই আনতে তাদের বই দেওয়া হয়নি।

শিক্ষার্থী তৌফিক মণ্ডল জানায়, বিদ্যালয়ের সহকারি শিক্ষক রাসেল বাবু অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বই বিতরণের দায়িত্বে রয়েছেন। রোববার বই আনতে গেলে তিনি তাদের বই না দিয়ে ফেরত পাঠান। তবে এমন অভিযোগ অস্বীকার করছেন শিক্ষক রাসেল বাবু। তিনি জানান, বিদ্যালয়ের সেশন ফি নির্ধারণ নিয়ে ম্যানেজিং কমিটি এবং শিক্ষকদের মাঝে দ্বিধাদ্বন্দ্ব চলছিল। যারা সেশন ফি দিয়ে ভর্তি হচ্ছে তাদের বই দেওয়া হচ্ছে।

আরেক শিক্ষক শেখ ফরিদ জানান, বই বিতরণ উৎসবের প্রথম দিন ২/৩ জন শিক্ষার্থীর হাতে বই তুলে দেওয়া হয়েছে। প্রধান শিক্ষক বিধান চন্দ্র তালুকদার জানান, বিদ্যালয়টি হাওরাঞ্চলে হওয়ার কারণে অনেক শিক্ষার্থীই বিদ্যালয়ে আসেনা। যারা আসে তাদের নতুন বই দেওয়া হচ্ছে। শিক্ষার্থীদের বই না দেওয়ার বিষয়টি সঠিক নয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবু তাহের মোহাম্মদ কামরুল হাসান জানান, তিনি এখানে নতুন এসেছেন। তবে কেন বই দেয়া হচ্ছে না তা তিনি খোঁজ নিয়ে দেখবেন বলে জানান।